

বিপিডিবিকে ২৫ কোটি শেয়ার দিতে চায় পাওয়ার গ্রিড

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের (বিপিডিবি) অনুকূলে ১০ টাকা অভিজিত মূল্যে ২৫ কোটি ১৮ লাখ ১৪ হাজার শেয়ার ইস্যু করতে চায় পুঁজিবাজারে তালিকাভুক্ত বিদ্যুৎ খাতের কোম্পানি পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবিএল)। শেয়ার ইস্যুর বিষয়ে অনুমোদনের জন্য এরই মধ্যে নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) কাছে আবেদন করেছে পাওয়ার গ্রিড। তবে এ বিষয়ে বিএসইসির পক্ষ থেকে এখন পর্যন্ত কোনো সিদ্ধান্ত নেয়া হয়নি বলে জানা গেছে। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, পিজিসিবিএল গঠনের পর বিপিডিবি'র বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থার যাবতীয় সম্পত্তি ও দায়দেনা কোম্পানিটির অনুকূলে হস্তান্তর করা হয়। ২০০২ সালের ৩০ ডিসেম্বরের মধ্যে এ হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন করা হয়। বর্তমানে পাওয়ার গ্রিডের ৭৬ দশমিক ২৫ শতাংশ শেয়ার রয়েছে বিপিডিবি'র কাছে। পাওয়ার গ্রিডের আর্থিক প্রতিবেদনে বিপিডিবি'র সম্পত্তি ও দায়দেনা পিজিসিবিএলের অনুকূলে হস্তান্তরের বিষয়টিকে বিপিডিবি'র বিনিয়োগ হিসেবে উল্লেখ করা হয়েছে। আর এ বিনিয়োগ বিপিডিবি'র ইকুইটি হিসেবে ডিপোজিট ফর শেয়ার খাতে জমা হিসেবে দেখানো হয়েছে। <http://bonikbarta.net>

প্রথম প্রান্তিকে ইউনিয়ন ক্যাপিটালের ইপিএস কমেছে

চলতি ২০১৯ হিসাব বছরের প্রথম প্রান্তিকে (জানুয়ারি-মার্চ) ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেডের শেয়ারপ্রতি আয় (ইপিএস) হয়েছে সম্মিলিতভাবে ৫ পয়সা ও এককভাবে ৩ পয়সা। ২০১৮ হিসাব বছরের একই সময়ে সম্মিলিত ও একক ইপিএস ছিল যথাক্রমে ১৮ পয়সা ও ১২ পয়সা। গতকাল অনুষ্ঠিত কোম্পানির পরিচালনা পর্ষদের সভায় প্রকাশিত অনিরাঙ্কিত আর্থিক প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। আলোচ্য তিন মাসে ইউনিয়ন ক্যাপিটালের কর-পরবর্তী মুনাফা হয়েছে সম্মিলিতভাবে ৯০ লাখ ও এককভাবে ৫৪ লাখ টাকা। আগের হিসাব বছরের প্রথম প্রান্তিকে সম্মিলিত ও একক নিট মুনাফা ছিল যথাক্রমে ২ কোটি ৯৬ লাখ ও ১ কোটি ৯৯ লাখ টাকা। ৩১ মার্চ কোম্পানির শেয়ারপ্রতি নিট সম্পদমূল্য (এনএভিপিএস) দাঁড়িয়েছে ১৪ টাকা ৬ পয়সা (সম্মিলিত) ও ১৩ টাকা ৪২ পয়সা (একক), এক বছর আগে অর্থাৎ ২০১৮ সালের ৩১ মার্চ যা ছিল ১৪ টাকা ১৫ পয়সা ও ১৩ টাকা ৫৩ পয়সা। <http://bonikbarta.net>

বিআইবিএমের কর্মশালা : ইসলামী ব্যাংকিংয়ের মূল সমস্যা দক্ষ জনবলের অভাব

দেশে ইসলামী ব্যাংকিংয়ের পরিসর বেড়েছে। এ ধারার ব্যাংকগুলো এখন মুনাফা ও সম্পদের গুণগত মানে সাধারণ ধারার ব্যাংকের তুলনায় ভালোও করছে। কিন্তু ইসলামী ধারার ব্যাংকগুলোয় এখন পরিসরের তুলনায় দক্ষ জনবল নেই। মূলত এ জনবলের অভাবেই সঠিকভাবে কার্যক্রম পরিচালনা করতে পারছে না এসব ব্যাংক। বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্টের (বিআইবিএম) গতকাল আয়োজিত ইসলামিক ব্যাংকিং বিষয়ক পর্যালোচনা কর্মশালায় উপস্থাপিত গবেষণা প্রতিবেদনে এ তথ্য তুলে ধরা হয়।

প্রতিবেদনে ইসলামী ব্যাংকিংয়ে দক্ষ জনবল গড়ে তোলার জন্য বিশেষ সার্টিফিকেশন কোর্স চালুর সুপারিশ করা হয়। এতে বলা হয়, ব্যাংকারদের ইসলামিক ব্যাংকিংয়ের ওপর বিশেষ গুরুত্বারোপ করতে হবে। পদোন্নতি ও অন্যান্য ক্ষেত্রে সার্টিফিকেটধারী অভিজ্ঞ ব্যাংকারদের বিশেষ সুযোগ পাওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে। <http://bonikbarta.net>

ইলেকট্রনিক পণ্যে আমদানি শুল্ক আরোপ : ভারতের বিরুদ্ধে ডব্লিউটিওতে অভিযোগ জাপানের

নির্দিষ্ট কিছু জাপানি ইলেকট্রনিক পণ্যে আমদানি শুল্ক আরোপ করায় ভারতের বিরুদ্ধে বিশ্ব বাণিজ্য সংস্থায় (ডব্লিউটিও) অভিযোগ করেছে জাপান। বৈশ্বিক বাণিজ্য সংস্থা ডব্লিউটিও বিষয়টি নিশ্চিত করেছে। গত মঙ্গলবার প্রকাশিত এক বিবৃতিতে সংস্থাটি জানিয়েছে, ২০১৪ সালের সেপ্টেম্বরে ‘মেক ইন ইন্ডিয়া’ প্রচারণার ঘোষণা দেয়ার পর থেকে ‘ক্রমাগত ও পদ্ধতিগতভাবে’ কিছু নির্দিষ্টসংখ্যক জাপানি পণ্যে শুল্ক বাড়ানোর কারণে ভারতের বিরুদ্ধে অভিযোগ করেছে জাপান। খবর টাইমস অব ইন্ডিয়া। জাপান আরো অভিযোগ করেছে, জেনারেল অ্যাগ্রিমেন্ট অন ট্যারিফস অ্যান্ড ট্রেড (গ্যাট) চুক্তির মাধ্যমে শুল্কহারের যে সর্বোচ্চ সীমা নির্ধারণ করা হয়েছিল, ভারতের আরোপিত আমদানি শুল্ক তাকেও ছাড়িয়ে গেছে। গ্যাট চুক্তি অনুযায়ী, ডব্লিউটিওর কোনো সদস্য দেশ সর্বোচ্চ সীমার অতিরিক্ত আমদানি শুল্ক আরোপ করতে পারবে না। ডব্লিউটিওর বিরোধ নিষ্পত্তি মেকানিজমের আওতায় ভারতের সঙ্গে এ বিষয়ে আলোচনা করতে চাইছে জাপান। <http://bonikbarta.net>

যুক্তরাষ্ট্রে ওষুধের মূল্য কারসাজি মামলা : অভিযুক্ত সাত ভারতীয় ওষুধ কোম্পানির শেয়ারদরে পতন

যুক্তরাষ্ট্রে ওষুধের মূল্য কারসাজিসংক্রান্ত একটি মামলায় নাম এসেছে ভারতের সাতটি নেতৃস্থানীয় ফার্মাসিউটিক্যাল কোম্পানির; যার মধ্যে রয়েছে সান ফার্মাসিউটিক্যালস ইন্ডাস্ট্রিজ, ড. রেড্ডি’স ল্যাবরেটরিজ, অরবিন্দ ফার্মা। মামলাটিতে এসব কোম্পানির পাশাপাশি বেশকিছু জ্যেষ্ঠ নির্বাহীকেও আসামি করা হয়েছে। মামলার খবর প্রকাশের পর ভারতীয় ওষুধ কোম্পানিগুলোর শেয়ারদরে বড় পতন ঘটে। খবর বিজনেস স্ট্যান্ডার্ড, দ্য ওয়্যার ও টেলিগ্রাফ ইন্ডিয়া। মামলার জেরে সোমবার বোম্বে স্টক এক্সচেঞ্জের (বিএসই) স্বাস্থ্যসেবা সূচক বেশ নিচে নেমে আসে। মার্কিন অ্যান্টি-ট্রাস্ট মামলার ফলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে সান ফার্মা। সোমবার ২০ শতাংশ পর্যন্ত শেয়ারদর হারালেও পরে তা কিছুটা পুনরুদ্ধার করতে পেরেছে কোম্পানিটি। <http://bonikbarta.net>

খাতুনগঞ্জ পাইকারি বাজার : সরবরাহ কম, বাড়তে শুরু করেছে ডালের দাম

দেশে ভোগ্যপণ্যের সবচেয়ে বড় পাইকারি বাজার চট্টগ্রামের খাতুনগঞ্জে ডালের দাম বাড়তে শুরু করেছে। সরবরাহ সংকটের কারণে দেখিয়ে স্থানীয় ব্যবসায়ীরা মুগ, মসুর ও খেসারি ডাল কেজিপ্রতি ১৫-২৮ টাকা বাড়তি দামে বিক্রি করছেন। আসন্ন ঈদ ও বর্ষা মৌসুমে এখানকার পাইকারি বাজারে ডালের দাম আরো বাড়তে পারে বলে মনে করা হচ্ছে। খাতুনগঞ্জের পাইকারি আড়তগুলো ঘুরে গতকাল দেশে উৎপাদিত প্রতি কেজি মুগ ডাল মানভেদে ৯৮-১০২ টাকায় বিক্রি হতে দেখা যায়। দুই সপ্তাহ আগেও পণ্যটি কেজিপ্রতি ৭০-৭৫ টাকায় বিক্রি হয়েছিল। সে হিসাবে, দুই সপ্তাহের ব্যবধানে দেশে উৎপাদিত মুগ ডালের দাম কেজিতে সর্বোচ্চ ২৮ টাকা বেড়েছে। দেশের বাজারে তানজানিয়া, মোজাম্বিক, মিয়ানমার থেকে মুগ ডাল আমদানি করা গতকাল আমদানি করা এসব মুগ ডাল কেজিপ্রতি ৬৮-৮০ টাকায় বিক্রি হয়েছে। দুই সপ্তাহ আগেও আমদানি করা মুগ ডাল ৫০-৫৫ টাকায় বিক্রি হয়েছিল। অর্থাৎ দুই সপ্তাহে আমদানি করা মুগ ডালের দাম কেজিতে সর্বোচ্চ ২৫ টাকা বেড়েছে। <http://bonikbarta.net>